# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২০-২০২১/২৪৭(১২০০) তারিখঃ ৩০/০৭/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ চট্টগ্রাম (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) এর সাধারণ কৃষক ও জুমচাষিদের ব্যাংক হিসাব খোলা এবং প্রণোদনা সুবিধার আওতায় কৃষি ঋণ এবং ডাল ও মসলা ঋণ প্রদান প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋন বিভাগের এসিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ ২৯ জুলাই ২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋন বিভাগ এর ২৯ জুলাই ২০২০ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০১ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে সার্কুলার লেটারটি নিম্নে মুদ্রণ করা হলোঃ

উপর্যুক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০, এসিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭/০৪/২০২০, এসিডি সার্কুলার নং-০২ তারিখ ৩০/০৫/২০১১, বিসিডি সার্কুলার নং-১২ তারিখ ১৮/০৪/১৯৮৪ এবং বিসিডি সার্কুলার নং-৫৭ তারিখ ১৩/১২/১৯৮৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) অঞ্চলের মানুষের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে উক্ত সার্কুলার সমূহে বর্ণিত বিভিন্ন প্রণোদনা সুবিধার আওতায় সাধারণ কৃষক ও জুমচাষিদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করা একান্ত প্রয়োজন। এক্ষণে, বর্ণিত এলাকায় কৃষি ঋণ বিতরণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ বাস্তবায়ন করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো ঃ

১) পার্বত্য চট্টগ্রামের (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) জুমচাষিদের ক্ষেত্রে বিশেষ বিবেচনায় স্থানীয় ইউনিয়ম পরিষদের চেয়ারম্যান/হেডম্যান কর্তৃক প্রত্যয়ন প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষর পূর্বক সুপারিশের ভিত্তিতে জুমচাষি হিসেবে ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার নিমিত্ত ব্যবস্থা গ্রহণ ;

২) বাগান সৃজনে উৎসাহীদের জন্য স্বল্প সুদে বিশেষ ঋণ প্রদানের কর্মসূচি গ্রহণ এবং জুমচাষিদের অগ্রাধিকার দিয়ে আদা, হলুদ, মরিচ, গোল মরিচ, তেজপাতা চাষের জন্য ৪% সুদে কৃষি ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;

৩) পার্বত্য চট্টগ্রামের (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) দখলীয় স্বত্বে কৃষি জমির মালিক হিসেবে স্থানীয় হেডম্যানের প্রত্যয়ন এবং সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তার প্রতিস্বাক্ষর সাপেক্ষে প্রণোদনা সুবিধার আওতায় ৪% সুদে কৃষি ঋণ প্রদান এবং বর্গাচাষিদের ক্ষেত্রে বর্গার চুক্তিনামা স্থানীয় কার্বারী ও হেডম্যান কর্তৃক যাচাইক্রমে কৃষি ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;

৪) পার্বত্য চট্টগ্রামে (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে আপনাদের ব্যাংক কর্তৃক বিশেষ নির্দেশনা জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;

এ সংক্রান্ত উপরিল্লিখিত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।
এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋন বিভাগ এর ২৯ জুলাই ২০২০ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০১ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, এসিডি সার্কুলার লেটার ০নং-০১ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩০/০৭/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

সংযুক্তিঃ বর্ণনামতে।

চলমান পাতা-০২

**বিষয়ঃ চট্টগ্রাম (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) এর সাধারণ কৃষক ও জুমচাষিদের ব্যাংক হিসাব খোলা এবং প্রণোদনা সুবিধার আওতায় কৃষি ঋণ এবং ডাল ও মসলা ঋণ প্রদান প্রসংগে।**

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২০-২০২১/২৪৭(১২০০) তারিখঃ ৩০/০৭/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

৩০/০৭/২০২০

( আজিজুল হক )
উর্ধতন মুখ্য কর্মকর্তা

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং-০১

তারিখঃ ১৪ শ্রাবণ, ১৪২৭
২৯ জুলাই, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**পার্বত্য চট্টগ্রাম (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) এর সাধারণ কৃষক ও জুমচাষিদের ব্যাংক হিসাব খোলা এবং প্রণোদনা সুবিধার আওতায় কৃষি ঋণ এবং ডাল ও মসলা ঋণ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩.০৪.২০২০, এসিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭.০৪.২০২০, এসিডি সার্কুলার নং-০২ তারিখ ৩০.০৫.২০১১, বিসিডি সার্কুলার নং- ১২ তারিখ ১৮.০৪.১৯৮৪ এবং বিসিডি সার্কুলার নং- ৫৭ তারিখ ১৩.১২.১৯৮৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) অঞ্চলের মানুষের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে উক্ত সার্কুলারসমূহে বর্ণিত বিভিন্ন প্রণোদনা সুবিধার আওতায় সাধারণ কৃষক ও জুমচাষিদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করা একান্ত প্রয়োজন। এক্ষণে, বর্ণিত এলাকায় কৃষি ঋণ বিতরণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ বাস্তবায়ন করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো ঃ

১) পার্বত্য চট্টগ্রামের (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) জুমচাষিদের ক্ষেত্রে বিশেষ বিবেচনায় স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ হেডম্যান কর্তৃক প্রত্যয়ন প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষরপূর্বক সুপারিশের ভিত্তিতে জুমচাষি হিসেবে ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার নিমিত্ত ব্যবস্থা গ্রহণ;

২) বাগান সৃজনে উৎসাহীদের জন্য স্বল্প সুদে বিশেষ ঋণ প্রদানের কর্মসূচি গ্রহণ এবং জুমচাষিদের অগ্রাধিকার দিয়ে আদা, হলুদ, মরিচ, গোল মরিচ, তেজপাতা চাষের জন্য ৪% সুদে কৃষি ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৩) পার্বত্য চট্টগ্রামে (খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ও বান্দরবান জেলা) দখলীয় স্বত্বে কৃষি জমির মালিক হিসেবে স্থানীয় হেডম্যানের প্রত্যয়ন এবং সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তার প্রতিস্বাক্ষর সাপেক্ষে প্রণোদনা সুবিধার আওতায় ৪% সুদে কৃষি ঋণ প্রদান এবং বর্গাচাষিদের ক্ষেত্রে বর্গার চুক্তিনামা স্থানীয় কার্বারী ও হেডম্যান কর্তৃক যাচাইক্রমে কৃষি ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৪) পার্বত্য চট্টগ্রামে (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা) কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে আপনাদের ব্যাংক কর্তৃক বিশেষ নির্দেশনা জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

এ সংক্রান্ত উপরিল্লিখিত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোসাম্মাৎ সেতারা খাতুন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)
ফোনঃ ৯৫৩০২২৩

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং... তারিখ...
বিভাগ...
ডিএমডি